

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং- ১২

পরিপত্র

নং- ভূঃমঃ/ শা-১২ (মাঃপ্রঃ)-০৭/২০০১-১৯০(৫০০)

তারিখঃ ২০/০৫/২০০২খ্রীঃ।

বিষয় : পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় প্রসঙ্গে।

২৫/০৫/৯৮ খ্রীঃ তারিখের ভূঃমঃ/ শা-১২-৩৯/৯৫ (অংশ) ২০৪(৬০০) নং পরিপত্র আংশিক সংশোধনক্রমে বিভিন্ন জেলায় রাজস্ব বিভাগের আওতাধীন পুরাতন স্থাপনা বা ভবন নিলামে বিক্রয়কালে ভবনের ইট, লৌহ ইত্যাদি, মালামাল পর্যায়ে বিক্রি করা হইয়া থাকে বিবেচনায় পুরাতন ভবন/স্থাপনাকে পুরাতন মালামাল হিসাবে গণ্য করিয়া, রাজস্ব বিভাগের আওতাধীন পুরাতন মালামাল/গাছ প্রকাশ্য নিলামে বিক্রয়ের দায়িত্ব সম্পাদনের জন্য প্রতিটি জেলা ও থানায় নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে দুইটি কমিটি গঠন করা হইলঃ

জেলা কমিটি :

(১) জেলা প্রশাসক -----	--	সভাপতি
(২) অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) ---	--	সদস্য
(৩) ডি,এফ,ও, -----	--	সদস্য
(৪) নির্বাহী প্রকৌশলী (এল,জি,ই,ডি)	--	সদস্য
(৫) সংশ্লিষ্ট সহকারী কশিনার (ভূমি)	--	সদস্য
(৬) রেভিনিউ ডেপুটি কালেক্টর	--	সদস্য-সচিব

থানা কমিটি :

(১) থানা নির্বাহী কর্মকর্তা	--	সভাপতি
(২) বন বিভাগের একজন কর্মকর্তা (থানা কর্মকর্তা)	--	সদস্য
(৩) থানা প্রকৌশলী	--	সদস্য

(৪) সহকারী কমিশনার (ভূমি) -- সদস্য-সচিব

- ২। বিক্রয়ের অনুমোদনের ক্ষমতা বিভাগীয় কমিশনারের উপর ন্যস্ত করা হইল।
- ৩। প্রতিটি ক্ষেত্রে এস, এ, শাখার সহকারী প্রকৌশলী, বন বিভাগের একজন প্রতিনিধি কর্তৃক বিক্রয়ের (যথাক্রমে মালামালের/ গাছের মূল্য নির্ধারণের ভিত্তিতে) কার্যক্রম গ্রহণ করিতে হইবে। যে সকল জেলায় এস, এ শাখায় সহকারী প্রকৌশলী নাই সে ক্ষেত্রে এস, এ ওভারশিয়ার কর্তৃক বিক্রয়যোগ্য মালামালের মূল্য নির্ধারণের পর তাহা থানা প্রকৌশলী কর্তৃক যাচাই করা যাইতে পারে।
- ৪। শুধুমাত্র জরুরী ভিত্তিতে কোন গাছ অথবা মালামাল বিক্রয়ের প্রয়োজন হইলে, সংশ্লিষ্ট জেলা প্রশাসক/থানা নির্বাহী কর্মকর্তা তাহা বিক্রয় করিতে পারিবেন। তবে উভয় ক্ষেত্রে যথাক্রমে বিভাগীয় কমিশনার বা জেলা প্রশাসকের জরুরী ভিত্তিতে বিক্রয়ের বিষয়টি বিস্তারিত জানাইয়া রাখিতে হইবে এবং স্ব স্ব কমিটির পরবর্তী সভায় তাহা আলোচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

স্ব/-

(শরীফ তৈয়বুর রহমান)
যুগ্ম-সচিব (প্রশাসন)

বিতরণ :

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।
- ৩। জেলা প্রশাসক, জেলা।
- ৪। থানা নির্বাহী কর্মকর্তা, থানা, জেলা।
- ৫। বিভাগীয় বন কর্মকর্তা,।
- ৬। নির্বাহী প্রকৌশলী (এল,জি,ই,ডি),।